গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১।
(www.mora.gov.bd)

নং-১৬.০০.০০০০.০০৮.০৮.০৪২.১৪/৭৩৫ তারিখ ঃ ১৬.১১.২০১৫ খ্রিঃ

বিষয় ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের সেপ্টেম্বর' ২০১৫ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. চৌধুরী মোঃ বাবুল হাসান-এঁর সভাপতিত্বে গত ২৭/১০/২০১৫ খ্রিঃ তারিখে ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের সেপ্টেম্বর,২০১৫ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যার্থে এতদ্‌সংগে সংযুক্ত করে প্রেরণ করা হ'ল। সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও অক্টোবর,২০১৫ মাসের অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ছকে পূরণ করে আগামী ২৫/১১/২০১৫ তারিখের মধ্যে ০৩(তিন) প্রস্থ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

(শেখ শামছুর রহমান)
সিনিয়র সহকারী প্রধান
ফোন ঃ ৯৫৭৭২৩৭।
E-mail : moragovbd@gmail.com

**বিতরণ ঃ কার্যার্থে (জেষ্ঠ্যতাক্রমানুসারে নয়)।**

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সচিব, বাজেট শাখা-২৩)
০৩। অতিরিক্ত সচিব, প্রশাসন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। যুগ্ম-সচিব(হজ্জ/উন্নয়ন/সংস্থা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬। ওয়াকফ্ প্রশাসক, ওয়াকফ্ প্রশাসকের কার্যালয়,নিউ স্কাটন, ঢাকা।
০৭। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
০৮। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৯। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর,ঢাকা।
১০। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
(দৃঃ আঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প সার্কেল-২, ঢাকা)।
১১। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১২। উপ-সচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক,মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন,ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক "প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা" শীর্ষক প্রকল্প,বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক,"ইসলামিক মিশন কমপ্লেক্স নির্মাণ (ফতুল্লা, নারায়ণগঞ্জ ও ঝালকাঠি)"প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন,ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন,ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক,ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন,ঢাকা।
১৯। সচিব, হিন্দু /বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২০। প্রকল্প পরিচালক, "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়"শীর্ষক প্রকল্প, ১/আই, পরিবাগ, ঢাকা।
২১। প্রকল্প পরিচালক, "ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্প,১/আই,পরিবাগ,ঢাকা।
২২। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন,আগারগাঁও, ঢাকা।
২৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
২৪। জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৬.০০.০০০০.০০৮.০৮.০৪২.১৪/৭৩৫(৩) তারিখ ঃ ১৬.১১.২০১৫ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ।

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
৩। যুগ্ম-সচিব(হজ্জ/সংস্থা/ প্রশাসন ও বাজেট/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(শেখ শামছুর রহমান)
সিনিয়র সহকারী প্রধান ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১।

বিষয় ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের সেপ্টেম্বর, ২০১৫ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২৭/১০/২০১৫ খ্রিঃ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের সেপ্টেম্বর,২০১৫ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. চৌধুরী মোঃ বাবুল হাসান।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

৩। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের এডিপিতে অনুমোদিত ০৫টি এবং অননুমোদিত ১৬টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। এডিপিভূক্ত অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে চলতি অর্থ বছরে বরাদ্দ রয়েছে ২২৫৮৭.০০ লক্ষ টাকা। সেপ্টেম্বর,২০১৫ পর্যন্ত অবমুক্ত হয়েছে ক্ত ৫৬৪৬.৭৫ লক্ষ টাকা (২৫.০০%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ৫৪৫০.৯১ লক্ষ টাকা (২৪.১৩%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | "মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়"শীর্ষক প্রকল্প ঃ সভায় জানানো হয় যে, "মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়" শীর্ষক প্রকল্পে উপ-পরিচালক এর ২টি পদ প্রেষণে পূরণযোগ্য। উক্ত পদ ২টিতে নিয়োগ প্রদান করা হয়েছে কিনা সভাপতি মহোদয়ের প্রশ্নের জবাবে ইসলামিক ফাউন্ডেশনের সচিব জানান যে, ইসলামিক ফাউন্ডেশনের একজন উপ-পরিচালক এবং একজন সহকারী পরিচালক কে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক উপ-পরিচালক পদ ২টিতে প্রেষণে নিয়োগ প্রদান করেছেন। সভাপতি ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক কিভাবে প্রেষণ মঞ্জুর করেন তা জানতে চান এবং ২ জন উপ-পরিচালকের নিয়োগ সংক্রান্ত কাগজপত্র মন্ত্রণালয়ে পাঠানোর নির্দেশনা প্রদান করেন। সভায় প্রকল্পের নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করা এবং নিবিড় মনিটরিং এর উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া, প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করার নির্দেশনা প্রদান করা হয়। | ক) "মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়" শীর্ষক প্রকল্পে ২টি উপ-পরিচালক পদে (প্রেষণে) নিয়োগ সংক্রান্ত যাবতীয় কাগজপত্র মন্ত্রণালয়ে আগামী সভার পূর্বে প্রেরণ করতে হবে।<br>খ) "মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়" শীর্ষক প্রকল্পের নিয়োগ দ্রুত সম্পন্ন করতে হবে এবং প্রকল্পের শিক্ষা কেন্দ্র মনিটরিং জোরদার করতে হবে।<br>গ) প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে। | মহাপরিচালক, ইফা ও প্রকল্প পরিচালক<br>ঐ<br>ঐ |
| ৩.২ | ইসলামিক মিশন কমপ্লেক্স নির্মাণ (ফতুল্লা, নারায়ণগঞ্জ এবং ঝালকাঠি)"১ম সংশোধিত প্রকল্প ঃ<br>সভায় ইসলামিক মিশন কমপ্লেক্স নির্মাণ (ফতুল্লা, নারায়ণগঞ্জ এবং ঝালকাঠি) ১ম সংশোধিত প্রকল্পটির আওতায় নির্মিত হাসপাতাল চালুর লক্ষ্যে জনবল নিয়োগ এবং হাসপাতালটি উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। | ক) প্রকল্পটির আওতায় নির্মিত হাসপাতাল চালুর লক্ষ্যে জনবল নিয়োগ এবং হাসপাতালটি উদ্বোধনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ইফা ও প্রকল্প পরিচালক |

(চলমান পৃঃ/২)

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.৩ | **"মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প ঃ** সভায় "মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ" প্রকল্পটির আওতায় মডেল মসজিদ পাঠাগারের কেয়ারটেকার নিয়োগ অতিদ্রুত সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়। প্রকল্পের আওতায় পুস্তক ক্রয় এবং আলমারী নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া, প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করার নির্দেশনা প্রদান করা হয়। | ক) "মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ" প্রকল্পটির আওতায় মডেল মসজিদ পাঠাগারের কেয়ারটেকার নিয়োগ অতিদ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) প্রকল্পের আওতায় পুস্তক ক্রয় এবং আলমারী নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>গ) প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে। | মহাপরিচালক, ইফা ও প্রকল্প পরিচালক<br>ঐ<br>ঐ |
| ৩.৪ | **ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম ঃ**<br>সভায় আলোচনা হয় যে, ইসলামী প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্পটির পিইসি সভার জন্য আইএমইডি'র সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রয়োজন। প্রেক্ষিতে বিবেচ্য প্রকল্পের আইএমইডি'র মূল্যায়ন প্রতিবেদন দ্রুত করার লক্ষ্যে আইএমইডি'র সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। এছাড়া, নতুন প্রকল্পটির অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখতে হবে। | ক) "ইসলামী প্রকাশনা কার্যক্রম"শীর্ষক সমাপ্তকৃত প্রকল্পের আইএমইডি'র মূল্যায়ন প্রতিবেদন দ্রুত করার লক্ষ্যে আইএমইডি'র সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।<br>খ) "ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায়"শীর্ষক প্রকল্পটি দ্রুত অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। | মহাপরিচালক, ইফা<br>ঐ |
| ৩.৫ | **মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায় ঃ**<br>সভায় আলোচনা হয় যে,"মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়"শীর্ষক প্রকল্পের আওতায় শূন্য পদে জনবল দ্রুত নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া, প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করার নির্দেশনা প্রদান করা হয়। | ক) "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়"শীর্ষক প্রকল্পের আওতায় শূন্য পদে জনবল দ্রুত নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ) প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.৬ | **প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা ঃ**<br>সভায় "প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করার নির্দেশনা প্রদান করা হয়। | ক) "প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.৭ | **ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ ঃ**<br>সভায় আলোচনা হয় যে, প্রকল্পের প্রধান কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহের জন্য অফিস ভাড়া করা প্রয়োজন। প্রকল্পের জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা এবং প্রশিক্ষণ মডিউল তৈরী করার পর গুরুত্বারোপ করা হয়। এছাড়া, প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করার নির্দেশনা প্রদান করা হয়। | ক) প্রকল্পের প্রধান কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহের জন্য অফিস ভাড়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) প্রকল্পের জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা এবং প্রশিক্ষণ মডিউল তৈরী দ্রুত করতে হবে।<br>গ) প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে। | প্রকল্প পরিচালক<br>ঐ<br>ঐ |

(চলমান পাতা/৩)

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.৮ | অননুমোদিত নতুন প্রকল্প ঃ<br>জেলা ও উপজেলা পর্যায়ে মসজিদ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প ঃ সভায় ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক, পরিকল্পনা জানান যে, স্থাপত্য অধিদপ্তর প্রকল্পটির নকশা প্রণয়ন পূর্বক প্রেরণ করেছে। উক্ত নকশা চূড়ান্তকরণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক সাক্ষাতের সময় প্রার্থনা করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি দ্রুত নকশা চূড়ান্ত পূর্বক প্রকল্পটি অনুমোদনের অন্যান্য কার্যক্রম শুরু করার উপর গুরুত্বারোপ করা হয়। | ক) জেলা ও উপজেলা পর্যায়ে মসজিদ কমপ্লেক্স নির্মাণ প্রকল্পের নকশা চূড়ান্ত পূর্বক প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ইফা |
| ৩.৯ | ওয়াক্ফ ভবনের উর্দ্ধমূখী সম্প্রসারণ প্রকল্প ঃ<br>সভায় জানানো হয় যে, ওয়াক্ফ ভবনের উদ্ধমূখী সম্প্রসারণের জন্য নিজস্ব অর্থায়নে প্রস্তাবকৃত "২০তলা ভীত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ,৭ম ও ৮ম তলা নির্মাণ"শীর্ষক প্রকল্পটি দ্রুত অনুমোদনের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক চাহিত তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি প্রকল্পটি দ্রুত অনুমোদনের লক্ষ্যে ওয়াক্ফ প্রশাসককে মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করার জন্য পরাশর্ম প্রদান করেন। | ক) "২০তলা ভীত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ,৭ম ও ৮ম তলা নির্মাণ"শীর্ষক প্রকল্পটি দ্রুত অনুমোদনের লক্ষ্যে ওয়াক্ফ প্রশাসককে মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। | ওয়াক্ফ প্রশাসক |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১২/১৫

(ড. চৌধুরী মোঃ বাবুল হাসান)
সচিব
ও
সভাপতি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা।

বিষয় ঃ ২৭/১০/২০১৫ তারিখ ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভূক্ত প্রকল্পসমূহের সেপ্টেম্বর'২০১৫ মাসের অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা।

| ক্রঃনং | নাম ও পদবী | অফিসের নাম | টেলিফোন | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | [illegible] আহমেদ চৌধুরী, ওয়াকফ প্রশাসক | ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ৪ নিউ ইস্কাটন রোড, রমনা, ঢাকা | 01726-300[illegible] | [signature] 27/10/2015 |
| ০২. | [illegible], P/D. SRSCPS Project | HRWT MORA | 01720121226 | [signature] 27.10.15. |
| ০৩. | ইয়াকুব মোহাম্মদ, [illegible] | [illegible]/ ধর্ম | 01716770150 | [signature] 27.10.15 |
| ০৪. | মো: [illegible] | [illegible] | 01754 7580 79 | [signature] 27/10 |
| ০৫. | প্র: মো: [illegible] উদ্দিন, যুগ্ম-[illegible] | [illegible] | 9540151 | [signature] 27/10 |
| ০৬. | মো: আমিনুল ইসলাম, [illegible] | [illegible] | 011-9027[illegible] | [signature] 27/10/15. |
| ০৭. | মো: [illegible] রহমান ফারুকী, উপসচিব | [illegible] | 01911814000 | [signature] 27/10/15 |
| ০৮. | মোহাম্মদ মাহফুজুর রহমান, সহ: প্রশাসক | ওয়াকফ প্রশাসকের কার্যালয়, বাংলাদেশ | 01711-026009 | [signature] 27.10.15 |
| ০৯. | [illegible] আহমেদ [illegible], সিনিয়র সহকারী প্রধান | শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন | 01716976767 | [signature] 27/10/15. |
| ১০. | [illegible], উপ-পরিচালক | [illegible] বিভাগ ও [illegible] | 017160370 89 | [signature] |
| ১১. | [illegible], পরিচালক | ইসলামিক ফাউন্ডেশন | 01911291193 | [signature] 27.10.15 |

| ক্রঃনং | নাম ও পদবী | অফিসের নাম | টেলিফোন | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০৯. | মো: [illegible] হোসেন [illegible], [illegible] | [illegible] | ৮১৮২৭২৫ | [signature] ২৭/১০/১৫ |
| ১০. | মোহাম্মদ মনজুর মোর্শেদ খান প্রকল্প পরিচালক | [illegible] সংস্কৃতি ও [illegible] প্রকল্প | ৮৩৮৪৪১ | [signature] ২৭/১০/১৫ |
| ১১. | প্রশান্ত বিশ্বাস ট্রা/৩ | হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ৯৬৬৮০৪৫ | [signature] ২৭/১০ |
| ১২. | শেখ মামুনুর রহমান সি: সহ: প্রধান | ধবিম | ৯৫৭৭২৬৭ | [signature] ২৭/১০/১৫ |
| ১৩. | সাবিনা ইয়াসমিন সহকারী প্রধান | ধবিম | 01717352364 | [signature] 27.10.15 |
| ১৪. | | | | |
| ১৫. | | | | |
| ১৬. | | | | |
| ১৭. | | | | |